

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বরিশাল
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.barisal.gov.bd

১০ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নম্বর : ০৫.১০.০৬০০.১১০.৫৮.০০৭.২০- ২৫২

তারিখ :-----।

২৪ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ গণ বিজ্ঞপ্তি প্রকাশ প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস(কোভিড-১৯) প্রতিরোধে জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি ও বেসরকারি দপ্তর/ প্রতিষ্ঠান/ সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণের জন্য জারীকৃত গণবিজ্ঞপ্তিটি আপনার নিয়ন্ত্রিত বহল প্রচারিত পত্রিকায় পর পর ০৩(তিন) দিন জনস্বার্থে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ -গণবিজ্ঞপ্তি -০১(এক) ফর্দ।

সম্পাদক

.....

বরিশাল।

২৪/০৩/২০২০
সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
বরিশাল

গণবিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি ও বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠান/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ প্রতিরোধ এবং এর ব্যাপক বিস্তার প্রতিরোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক ঘোষিত আগামী ২৬ মার্চ ২০২০ তারিখ হতে ০৪ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত ছুটিকালীন সময়ে যে কোন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নিজ নিজ কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থানসহ সুনির্দিষ্ট প্রয়োজন ব্যতীত তাদের ঘরের বাইরে বের না হওয়ার জন্য অনুরোধ করা হলো।

আদেশক্রমে-

জেলা প্রশাসক, বরিশাল